গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫.৪৭৩

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪৩১ ব:
২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

# ২০২৩ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম পূরণের জন্য ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত ছাত্র-ছাত্রীদেরকে ২০২৩ সালের ৩০শে জুন পর্যন্ত বেতন পরিশোধের এবং যে সকল শিক্ষার্থী পরীক্ষার ফরম পূরণ করেনি তাদরকে পুনঃভর্তির মাধ্যমে ফরম পূরণের নির্দেশ দেয়া যাচ্ছে। এ ছাড়াও ছাত্রাবাস/ছাত্রীনিবাস তত্ত্বাবধায়কের এবং স্ব-স্ব বিভাগের সেমিনার-এর পাওনা পরিশোধের ছাড়পত্র সংগ্রহেরও পরামর্শ দেয়া যাচ্ছে। ছাড়পত্রসমূহ সংগ্রহের পর নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচি মোতাবেক নিজ নিজ বিভাগে উপস্থিত হয়ে পরীক্ষার ফরম পূরণের কাজ সম্পন্ন করার নির্দেশ দেয়া যাচ্ছে।

**১। আবেদন ফরম পূরণের সময়সূচি:**

| তারিখ | অনার্স বিষয় | সময় | ফরম পূরণের স্থান |
|---|---|---|---|
| ০৩/০৩/২০২৫ থেকে ১৩/০৩/২০২৫ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) | সকল বিষয় | সকাল ১০ টা থেকে বেলা ০২ টা পর্যন্ত | স্ব-স্ব বিভাগ |

বিভাগ সমূহ থেকে On-line-এ নিশ্চয়নকৃত বিবরণীর মূল প্রিন্টকপি (বাঁধাইকৃত) ০২ (দুই) সেট ও হিসাব বিবরণী সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির নিকট ১৭/০৩/২০২৫ তারিখ বেলা ০২:০০ টার মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

**২। পরীক্ষার ফিস জমা:**

**DBBL টাকা পরিশোধের নিয়মাবলী:**

(ক) নিয়মিত ছাত্র-ছাত্রী যাদের DBBL মোবাইল এ্যাকাউন্টে আছে তারা নিজেদের একাউন্ট থেকে অথবা এজেন্ট বা অন্য একাউন্ট থেকে নিম্নোক্ত নিয়ম অনুসারে প্রথমে ফরমপূরণের ফি পরিশোধ করবে এবং পরে *http://180.211.183.206/EasyCollegeMate/public/Honours/formfillup* লিংকে প্রবেশ করে পেমেন্ট কনফার্মেশন স্লিপ ডাউনলোড করে নিবে।

(খ) অনিয়মিত ও বিভাগ উন্নয়ন ছাত্র-ছাত্রীরা প্রথমে *http://180.211.183.206/EasyCollegeMate/public/Honours/formfillup* লিংকে অথবা ***https://rc.gov.bd/admission-formfillup/*** লিংকের ***Honours Form Fillup*** লিংকে প্রবেশ করে **Click Here** বাটনে ক্লিক করার পর পর্যায়ক্রমে আইডি নম্বর ও payment type থেকে পত্রসংখ্যা সিলেক্ট করে Next বাটনে চাপ দিয়ে নিজেদের চাহিদা অনুযায়ী invoice তৈরি হবে এবং ডাচ-বাংলা ব্যাংকের পেমেন্টের নির্দেশনার অপশন আসবে। তারপর DBBL টাকা পরিশোধের নিম্নোক্ত পদ্ধতি অনুযায়ী পেমেন্ট করতে হবে। এরপর পেজ **Refresh** করে অথবা **Sign-in** করে অথবা পুনরায় উক্ত লিংকে অনুরূপভাবে প্রবেশ করে **পেমেন্ট কনফার্মেশন স্লিপ** ডাউনলোড করবে।

১. যেসকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট রয়েছে,সেই মোবাইল থেকে *322# ডায়াল করে DBBL মোবাইল ব্যাংক মেনুতে যান
২. পেমেন্ট 1 (One) সিলেক্ট করুন
৩. নিজের মোবাইল থেকে হলে 1 (One) সিলেক্ট করুন। অন্য মোবাইল থেকে হলে Other 2 (Two) সিলেক্ট করুন
৪. অন্য মোবাইল থেকে হলে নিজের মোবাইল নম্বর দিন (Enter Student Mobile Number)
৫. Other 0 (Zero) সিলেক্ট করুন
৬. রাজশাহী কলেজের Biller ID 304 টাইপ করুন
৭. Bill No-এ আপনার Class ID (উদাহরণ :2019000006) দিন
৮. টাকার পরিমাণ লিখুন
৯. চার ডিজিটের PIN টাইপ করুন
১০. OK/Send বাটন চাপুন
১১. পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে আপনি DBBL থেকে TrxID যুক্ত একটি মেসেজ পাবেন এবং স্বয়ংক্রিয়ভাবে আপনার ফরম পূরণ সম্পন্ন হবে। এবং ফরম পূরণের লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন।

* ডাচবাংলা মোবাইল ব্যাংকে ফি পরিশোধ করার পর সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Honours/formfillup* লিংকে প্রবেশ করে অথবা ***https://rc.gov.bd/admission-formfillup/*** লিংকের ***Honours Form Fillup*** লিংকে প্রবেশ করে **Click Here** বাটনে ক্লিক করার পর **Student ID** ও **Form Fillup Level** সিলেক্ট করে লগইন করলে **ফরম ফিল-আপ কনফার্মেশন স্লিপ** ডাউনলোড করা যাবে।

** ডাচবাংলা ব্যাংকের মোবাইল অ্যাপ (Rocket app) এর Pay bill অপশন ব্যবহার করে বিল পরিশোধ করা অনেক সহজ।

৩। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:

ক) স্নাতক (সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি-১ কপি করে।

খ) অনলাইন আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ কপি রঙিন ছবি সংযুক্ত করে স্ব স্ব বিভাগের জমা দিতে হবে।

গ) ফরম পূরণের আবেদন ফরমের স্টুডেন্ট কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।

ঘ) Confirmation Slip-এর ডাউনলোড কপি আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে হবে।

৪। ফরম পূরণের ফিসের বিবরণ

| ক্র. নং | ফি এর বিবরণ | | ফি এর পরিমাণ |
|---|---|---|---|
| ১. | তত্ত্বীয় প্রতি পূর্ণ পত্রের জন্য | | ২৫০/- |
| ২. | তত্ত্বীয় প্রতি অর্ধ পত্রের জন্য | | ১৫০/- |
| ৩. | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি পত্র / কোর্সের জন্য | | ২৫০/- |
| ৪. | মৌখিক পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (জাঃবিঃ) | | ২৫০/- |
| ৫. | ক) ইনকোর্স পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (জা:বি:)-১০০/-<br>খ) ইনকোর্স পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (কলেজের জন্য)-২০০/- | | ৩০০/- |
| ৬. | ক) সমাজকর্ম এবং ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিষয়ের মাঠকর্ম পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (জা:বি:)-১০০/-<br>খ) সমাজকর্ম বিষয়ের মাঠকর্ম পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (বিভাগীয় ফান্ডে জমা হবে)-১০০০/- | | ১১০০/- |
| ৭. | ক) মনোবিজ্ঞান প্র্যাকটিক্যাল রিসার্স/প্রজেক্ট ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (জা:বি:)-২০০/-<br>খ) মনোবিজ্ঞান প্র্যাকটিক্যাল রিসার্স/প্রজেক্ট ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (বিভাগীয় ফান্ডে জমা হবে)-১০০০/- | | ১২০০/- |
| ৮. | সাময়িক সনদ ফি ৩০০/-টাকা এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি ৫০০/- টাকা প্রতি পরীক্ষার্থীর জন্য (অনিয়মিত পরীক্ষার্থী যারা পূর্বে ফরম পূরণ করেছে তাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়) | | ৮০০/- |
| ৯. | কেন্দ্র ফি তত্ত্বীয় প্রতি পরীক্ষার্থীর জন্য | | ৪৫০/- |
| ১০. | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী কোর্স প্রতি) কলেজ ফান্ডে জমা হবে | | ১৫০/- |
| ১১. | বিশেষ অর্ন্তভুক্তি ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য) | | ৩০০/- |
| ১২. | মৌখিক পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) (কলেজের জন্য) | | ৭৫/- |
| ১৩. | **ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষার ফি** | ১ম দিনের জন্য (প্রতি শিক্ষার্থী) | ১৩০/- |
| | | এবং পরবর্তী প্রতিদিনের জন্য (প্রতি শিক্ষার্থী) | ৭৫/- |
| ১৪. | **প্রস্তুতিমূলক পরীক্ষার ফি** | ৪ ঘন্টার পরীক্ষার জন্য-প্রতি পত্রে নিয়মিত ও অনিয়মিত (যারা পূর্বে পরীক্ষার ফরম পূরণ করেনি) পরীক্ষার্থীর জন্য | ৫০/- |
| | | ৩ ঘন্টার পরীক্ষার জন্য-প্রতি পত্রে নিয়মিত ও অনিয়মিত (যারা পূর্বে পরীক্ষার ফরম পূরণ করেনি) পরীক্ষার্থীর জন্য | ৪০/- |

## ৫। ইনকোর্স পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলী:

(ক) সকল নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্তি পর কলেজের সংশ্লেষ্ট বিভাগ কর্তৃক ১৫% নম্বরের একটি ইনকোর্স পরীক্ষা এবং উপস্থিতির ভিত্তিতে ৫% সহ মোট ২০% নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরসহ রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে অন-লাইনে এন্ট্রি করতে হবে।

(খ) আবেদন ফরম পূরণের সময় পরীক্ষার্থীর ইনকোর্স পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মূল ম্যানুয়াল কপি থেকে অন-লাইনে রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে নম্বর এন্ট্রি করার পর প্রিন্ট কপি মূল ম্যানুয়াল কপির সাথে যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল ম্যানুয়াল ও প্রিন্ট কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে সীলগালা করে বিবরণী ফরম সহ পরীক্ষার ফলাফল প্রকাশের পর ০৬ (ছয়) মাস পর্যন্ত কলেজে সংরক্ষণ করবেন। কোন পরীক্ষার্থীর ইনকোর্সের নম্বরে সমস্যা হলে মূল ম্যানুয়াল কপির বাইরে আলাদাভাবে কোন নম্বর গ্রহণ করা হবে না। ইনকোর্স নম্বর প্রদান না করা হলে পরীক্ষার্থীদের আবেদন গ্রহণ করা হবে না। প্রেরিত ইনকোর্স নম্বরের কোন প্রকার সংশোধন, সংযোজন, বিয়োজন কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না।

## ৬। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী:

(ক) আবেদনকারীকে নিজে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://ems.nu.ac.bd/student-login) এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

(খ) আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।

## ৭। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

(ক) **নিয়মিত (Regular):** ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত যে সকল শিক্ষার্থী ২০২২ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে সে সকল শিক্ষার্থী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

**(খ) অনিয়মিত (Irregular):**

i) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিবন্ধিত যে সকল পরীক্ষার্থী অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা ২০২৩ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় ঐ সকল কোর্সে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবেন।

ii) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী যারা ২০২২ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০২৩ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবেন।

iii) শুধুমাত্র ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) অথবা অনুপস্থিত তারা বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য সর্বমোট ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বিশেষ ফি এবং কলেজের ফি (এক বা একাধিক কোর্সের জন্য F গ্রেড প্রাপ্ত সমভাবে) প্রদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ করতে পারবেন। রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না।

iv) উল্লেখ্য, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে অথবা অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তীতে তারা কোন অবস্থাতেই পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবে না।

v) যে সকল শিক্ষার্থী ২০২২ সালের অনার্স চতুর্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে CGPA প্রাপ্ত হয়েছে শুধু তারাই C এবং D গ্রেড প্রাপ্ত দু'টি পত্রে ২০২৩ সালের অনার্স চতুর্থ বর্ষ পরীক্ষায় CGPA উন্নয়নের জন্য অংশগ্রহণ করার সুযোগ পাবে।

৮। **অনার্স পাঠ্যসূচি (Syllabus):**

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ কর্তৃক প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৯। **কলেজের জন্য করণীয়:**

(ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি Online-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদন গুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/student-login) এ College log-in এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log-in এর জন্য ওয়েবসাইটে College Profile কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

(খ) পরীক্ষার্থীদের অনলাইনে পূরণকৃত আবেদন ফরম কলেজে জমা দিলে উক্ত পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে ইনকোর্স নম্বরসহ অনলাইনে নিশ্চয়ন করবেন। কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চায়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চায়ন সম্পন্ন হলে অনলাইনে পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।

(গ) ২০২৩ সালের ৪র্থ বর্ষ অনার্স বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

(ঘ) ইনকোর্স ও মাঠকর্ম পরীক্ষার নম্বর অনলাইনে এন্ট্রি করার সময় ভুল হলে সঙ্গে সঙ্গে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ৪র্থ বর্ষ অনার্স শাখা বরাবর লিখিতভাবে জানাতে হবে। ভুল সংশোধনের ক্ষেত্রে মূল ম্যানুয়াল নম্বরকে (বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) ভিত্তি হিসেবে ধরা হবে।

**বি:দ্র: জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফরম পূরণ সংক্রান্ত প্রকাশিত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হলো।**

স্বা:
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫.৪৭৩

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪৩১ বং / ২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী;
৩। আহ্বায়ক, ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষা কমিটি-২০২৩, রাজশাহী কলেজ, রাজশাহী;
৪। আইসিটি শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী;
৫। প্রধান তত্ত্বাবধায়ক/তত্ত্বধায়ক, মুসলিম ছাত্রাবাস/ছাত্রীনিবাস/হিন্দু ছাত্রাবাস, রাজশাহী কলেজ, রাজশাহী;
৬। ম্যানেজার, রূপালী ব্যাংক লিমিটেড, কাজী নজরুল ইসলাম সড়ক শাখা, রাজশাহী কলেজ কালেকশন বুথ, রাজশাহী;
৭। ম্যানেজার, DBBL, রাজশাহী;
৮। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;
৯। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ 26/02/2025
রাজশাহী কলেজ, রাজশাহী।
26/02/2025